

PRINT

## সমকালে

# বাংলাদেশ ইউনিভার্সিটির নিজস্ব পরিবহন পুলের উদ্ঘোধন

৯ ঘণ্টা আগে



বেসরকারি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ ইউনিভার্সিটির নিজস্ব পরিবহন পুলের আনুষ্ঠানিক উদ্ঘোধন করা হয়েছে গত মঙ্গলবার। বিশ্ববিদ্যালয়ের পরিচালক (টেকনিক্যাল) কাজী তাইফ সাদাত এর উদ্ঘোধন করেন। প্রথম পর্যায়ে একটি বাস পুলে সংযুক্ত করা হয়েছে। বাসটির সম্পূর্ণ ব্যয় বহন করা হয়েছে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তহবিল থেকে। উদ্ঘোধন শেষে বক্তরা বলেন, পরিবহন পুলে বাসটি যুক্ত হওয়ায় শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের পরিবহন সেবার মান আরও বৃদ্ধি পাবে। এ সময় অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য

কামরুল হাসান, বিভিন্ন অনুষদের ডিন ও বিভাগীয় সভাপতি, রেজিস্ট্রার মেজর (অব.) নিয়াজ মোহাম্মদ খান, পরিচালক (প্রশাসন ও নিরাপত্তা) মেজর (অব.) এজাজ আফজাল বীরপ্রতীকসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।  
সংবাদ বিজ্ঞপ্তি।

---

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)